কেনিয়ায় আশ-শাবাবের অতর্কিত হামলার কবলে ২টি সামরিক কনভয়: ৪টি সাঁজোয়া যান ধ্বংস

ইসলামি প্রতিরোধ বাহিনী হারাকাতুশ শাবাব আল-মুজাহিদিন কেনিয়ার গারিসা এবং লামু অঞ্চলে দেশটির কুফফার সামরিক বাহিনীর ২টি কনভয়ে বোমা বিস্ফোরণ ঘটিয়েছেন। এতে কয়েক ডজন শত্রুসেনা নিহত এবং আহত হয়েছে বলে জানা গেছে।

কেনিয়ার সরকারি সূত্রমতে, আশ-শাবাব মুজাহিদিন গত ৬ জুন তাদের প্রথম হামলাটি চালান প্রাদেশিক রাজধানী গারিসার উপকণ্ঠে। সেখানে 'NFD' এর সেনা সদস্যরা টহল দিতে বের হয়েছিল। আর তখনই সামরিক কনভয়টি টার্গেট করে একটি বোমা বিস্ফোরণ ঘটানো হয়। ফলশ্রুতিতে ইসলামের শত্রুদের একটি সাঁজোয়া যান ধ্বংস হয়ে যায়।

আশ-শাবাব সংশ্লিষ্ট সংবাদ সূত্রও নিশ্চিত করেছে যে, এই বোমা বিস্ফোরণে সাঁজোয়া যানে থাকা সমস্ত কুফফার সৈন্য নিহত এবং আহত হয়েছে। অন্য একটি সূত্র মতে এতে ৩ পুলিশ সদস্যও আহত হয়েছে।

আশ-শাবাব সূত্রটি আরও যোগ করেছে যে, এদিন শহরটিতে মুজাহিদগণ একটি টার্গেট কিলিং অপারেশন পরিচালনা করছেন। এতে এক চীনা প্রকৌশলীকে হত্যা করা হয়েছে। সংবাদ সূত্রটি থেকে আরও জানা

যায়, এদিন কেনিয়ার উপকূলীয় রাজ্য লামুতেও একটি সামরিক কনভয়ে অতর্কিত হামলা চালিয়েছেন হারাকাতুশ শাবাব মুজাহিদিন। এতে সামরিক বাহিনীর ৩টি সাঁজোয়া যান ধ্বংস হয়ে যায়। আশ-শাবাব দাবি করেছে যে, এই হামলায় সাঁজোয়া যানগুলোতে থাকা সমস্ত কুফ্ফার সৈন্য নিহত হয়েছে, আহত হয়েছে আরও অনেক।

দেশটির পুলিশ জানিয়েছে যে, সেনা সদস্যরা ইজারা রাজ্যের সাংসদ ইব্রাহিম আব্বাসকে নিরাপত্তা দিয়ে নিয়ে যাওয়া সময় এই হামলাটি চালানো হয়েছে। যখন কনভয়টি হালুকা জেলায় প্রবেশ করছিল, তখনই বিস্ফোরণের ঘটনা ঘটে।

পুলিশ এক বিবৃতিতে বলেছে, এই হামলায় ইব্রাহিমকে বহনকারী গাড়িটির "চালক ও অন্যান্য কর্মকর্তারা গুরুতর আহত হয়েছে।"

বিশ্লেষকরা বলছেন, এই হামলাটি সোমালিয়ার পাশাপাশি গোটা পূর্ব আফ্রিকা অঞ্চলেই হারাকাতুশ শাবাবের শক্তিশালী উপস্থিতির জানান দিয়েছে। সে সাথে এই অঞ্চলে মার্কিনী বাহিনীর পুনঃআগমন যে নিশ্চিতভাবেই ব্যর্থতায় পর্যবসিত হতে যাচ্ছে, সেটাও এই হামলার পর সহজেই অনুমান করা যাচ্ছে।

ভারতে পুলিশের উপস্থিতিতে মুসলিম নারীদের ধর্ষণের হুমকি দিচ্ছে হিন্দুত্ববাদী পুরোহিত

ভারতে হিন্দুত্ববাদীদের ইসলাম বিদ্বেষ ও জিঘাংসা কিছুতেই মুসলিমদের পিছু ছাড়ছে না। একের পর এক মুসলিম বিদ্বেষী কর্মকান্ড চালিয়ে যাচ্ছে তারা, চলছে মুসলিম গণহত্যার চূড়ান্ত প্রস্তুতি। আর সেই আগুনে নিয়মমাফিক জ্বালানী যুগিয়ে যাচ্ছে সাধু সন্ন্যাসীর নামধারী উগ্র হিন্দু সন্ত্রাসী ধর্মগুরু এবং হিন্দুত্ববাদী উগ্র নেতা-নেত্রীরা আর তাদের সাথে নিয়মিতই যোগ দিচ্ছে পুলিশ প্রশাসন।

সম্প্রতি ভাইরাল হওয়া একটি ভিডিওতে দেখা গেছে, এক হিন্দুত্ববাদী পুরোহিত পুলিশের উপস্থিতিতে মুসলিম নারীদের ধর্ষণের হুমকি দিচ্ছে। তাকে বলতে শোনা গেছে, যদি মুসলিম যুবকরা হিন্দু নারীর দিকে তাকায়, তাহলে আমরা মুসলিম মহিলাদের প্রকাশ্যে ধর্ষণ করব। আমাদের কেউ থামাতে চাইলেও থামাতে পারবে না।

কিছুদিন আগেও সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হওয়া একটি ভিডিওতে বজরং মুনি দাস নামে এক হিন্দু মহন্তকে চিৎকার করে বলতে শোনা যায়, মুসলিম মহিলাদের তাদের বাড়ি থেকে অপহরণ করবে এবং তাদের প্রকাশ্যে ধর্ষণ করবে।

ইতিপূর্বেও অনেক হিন্দুত্ববাদী কথিত সাধুরা মুসলিম নারীদের ধর্ষণের উসকানি দিয়েছে। এমনকি হিন্দুত্ববাদী যোগি আদিত্যনাথ মুসলিম নারীদের কবর থেকে তুলে ধর্ষণের কথা বলেছিল। যেহেতু প্রত্যেক ক্ষেত্রেই ভিক্টিম মুসলিম, তাই বরাবরের মতোই মিডিয়া, তথাকথিত সুশীল, প্রগতিশীলরা তাদের পক্ষে টু-শব্দটি পর্যন্ত করেনি!

তাই এমন সংকটাপন্ন অবস্থায় নিজেদের জান মাল ও মুসলিম নারীদের ইজ্জত-আব্রুর রক্ষায় মুসলিদের নিজেদেরকেই এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন ইসলামিক চিন্তাবীদগণ।

তথ্যসূত্র:

----

1. Hindu extremist gives rape threat to Muslim women in police presence - https://tinyurl.com/37aa97ry

2. video link - https://tinyurl.com/34yezume

০৭ই জুন, ২০২২

যুদ্ধবিরতির মধ্যেই পাক-তালিবানের উপর গাদ্দার সেনাদের হামলা : কঠোর হুঁশিয়ারি টিটিপির

পাকিস্তানের বান্নুতে যুদ্ধবিরতি চলাকালীনই প্রতিরোধ বাহিনী তেহরিক-ই-তালিবান পাকিস্তানের অবস্থানে হামলা চালিয়েছে গাদ্দার পাকি-সেনাবাহিনী। এতে সাত জন তালিবান যোদ্ধা শহীদ হওয়ার দাবি করেছে সেনাবাহিনী।

বিবরণ অনুযায়ী, গত রবিবার বিকেলে বান্নু অঞ্চলে ২টি অভিযান চালিয়েছে পাকি-সেনারা। দেশটির শরিয়াহ্ বিরোধী গাদ্দার সেনাবাহিনীর জনসংযোগ (আইএসপিআর) বিভাগ থেকে দাবি করা হয়েছে যে, সেনাবাহিনী গোয়েন্দা তথ্যের ভিত্তিতে বান্নুতে ২টি পৃথক অভিযান চালিয়েছে। যাতে প্রতিরোধ বাহিনী তেহরিক-ই-তালিবান পাকিস্তানের ৭ জন বীর মুজাহিদ শাহাদাত বরণ করেছেন।

সামরিক বাহিনীর উক্ত বিবৃতিতে বলা হয়েছে, বান্নু জেলার জানিখাইল ও হাসান খাইল সীমান্তে এই অভিযান চালানো হয়েছে।

স্থানীয় সূত্র জানায়, এসময় তালিবান যোদ্ধারাও পাল্টা গুলিবর্ষণ করেন। তবে এতে কত গাদ্দার সেনা নিহত এবং আহত হয়েছে তা তাৎক্ষণিকভাবে স্পষ্ট করেনি সেনাবাহিনী।

এদিকে প্রতিরোধ বাহিনী টিটিপির সিনিয়র দায়িত্বশীল শাইখ উমর খালিদ খোরাসানী (হাফি.) আজ ৭ জুন সন্ধ্যায় এক টুইট বার্তায় বলেন, বান্নুতে শহীদ হওয়া মুজাহিদরা আমাদের ভাই। আর কোন ভাইয়ের রক্তের প্রতিশোধ ভুলে যাওয়া আমাদের ইসলামী ঐতিহ্য নয়।

তাই সকল মুজাহিদীন কমরেডদের সন্তুষ্ট থাকতে হবে যে, কোন মুজাহিদ ভাইয়ের রক্ত বৃথা যাবে না।

বিশ্লেষকরা মনে করেন, গাদ্দার পাকি সামরিক বাহিনী কর্তৃক এই হামলা অনির্দিষ্ট সময়ের জন্য টিটিপি কর্তৃক ঘোষিত যুদ্ধবিরতিতে এবং শান্তি আলোচনায় বড় প্রভাব ফেলবে। প্রতিরোধ বাহিনী 'টিটিপি' শান্তি আলোচনায় এই বিষয়টি নিয়ে বড় একটু ইস্যু তৈরি করবে।

মালিতে কথিত জাতিসংঘের বিরুদ্ধে দাবানলে রূপ নিচ্ছে জিহাদি স্ফুলিঙ্গ: মুজাহিদদের আক্রমণে হতাহত এক ডজনেরও বেশি

পশ্চিম আফ্রিকার দেশ মালির কেন্দ্রীয় অংশে জাতিসংঘের কথিত শান্তিরক্ষা বাহিনীর উপর পর পর ৩টি হামলা চালিয়েছে ইসলামি প্রতিরোধ যোদ্ধারা। এতে এক ডজনেরও বেশি জর্ডানিয় ও মিশরীয় সেনা হতাহতের শিকার হয়েছে।

জাতিসংঘের কর্মকর্তাদের দেওয়া বিবৃতিতে বলা হয়েছে, মালির কেন্দ্রীয় অংশে রাস্তায় বিছানো বিস্ফোরক বিস্ফোরণের শিকার হয়েছে শান্তিরক্ষী বাহিনীর একটি কনভয়। যা গত ৩ জুন সকালে সংঘটিত হয়েছে। এতে ২ সেনা নিহত এবং অপর ২ সেনা আহত হয়েছে।

স্থানীয় সূত্র জানায় যে, হতাহত সেনারা জাতিসংঘের গোলাম গাদ্দার মিশরীয় সামরিক ইউনিটের সদস্য। যারা মালির টিমবুকটু অঞ্চলে থেকে ডুয়েন্টেজা শহরের দিকে যাচ্ছিল। আর এসময়ই গাদ্দার সেনাদের কনভয়টি আল-কায়দা সংশ্লিষ্ট ইসলামি প্রতিরোধ বাহিনী 'জেএনআইএম' এর লাগানো মাইন বিস্ফোরণের শিকার হয়েছে।

মালিতে দখলদার জাতিসংঘের বহুমাত্রিক সামরিক মিশনের মুখপাত্র অলিভিয়ের সালগাদো, মুজাহিদিন কর্তৃক পরিচালিত বরকতময় এই হামলার নিন্দা জানিয়েছে।

এদিকে বুধবার উত্তর মালির কিদাল অঞ্চলে জাতিসংঘের কথিত শান্তিরক্ষী বাহিনীর সদস্যদের বহনকারী অন্য একটি কনভয় টার্গেট করেও মাইন বিস্ফোরণ ঘটান মুজাহিদগণ। এরপর সেখানে ভারী অস্ত্র-শস্ত্র দ্বারা হামলা চালান মুজাহিদগণ। যাতে বহু সংখ্যক সৈন্য নিহত এবং আহত হয়। তবে জাতিসংঘ দাবি করেছে যে, মুজাহিদদের বরকতময় উক্ত হামলায় ঘটনাস্থলেই ৪ সেনা সদস্য গুরুতর আহত হয়। পরে চিকিৎসাধীন অবস্থায় ১ সেনা সদস্য মারা যায়।

আঞ্চলিক সূত্র থেকে জানা যায় যে, আল-কায়েদা সংশ্লিষ্ট ইসলামি প্রতিরোধ যোদ্ধাদের বরকতময় এই হামলার শিকার হয়েছিল জর্ডানের গাদ্দার সেনারা।

এভাবেই জাতিসংঘ নামক কুফফার সংঘের অধীনে থাকা মুসলিম নামধারি গাদ্দার দেশের সেনাদেরকে উপযুক্ত শিক্ষা দিয়ে যাচ্ছেন ইসলামি প্রতিরোধ যোদ্ধাজন। এখানে উল্লেখ্য যে, ইসলামের শত্রুদের সহায়তাকারী এসব গাদ্দার সেনাদের উপরেও কুফফার সেনাদের মতোই বিধান কার্যকর হওয়া সম্পর্কিত কুরআন-হাদিসের রায় উম্মাহকে বহু আগে থেকেই জানিয়ে আসছেন হক্কানি উলামায়ে কেরাম। আর এই রায় জানার পরেও দুনিয়ার

বিনিময়ে আখিরাত বিক্রি করে দেওয়া এসব গাদ্দার সৈনিকরা সামান্য কিছু ডলারের লোভেই কুফফারদের হয়ে তাদের ভাইদের বিরুদ্ধে যুদ্ধ করতে এসেছে বলে মনে করেন ইসলামি চিন্তাবীদগণ।

উত্তরপ্রদেশে থানায় মুসলিম বিক্রেতাকে হিন্দুত্ববাদী পুলিশের নির্যাতন

২২ বছর বয়সী মুসলিম যুবককে উত্তর প্রদেশের বেরিলির একটি থানায় স্টেশন হেড, চার কনস্টেবল এবং দুই "অজ্ঞাত" হিন্দুত্ববাদী মিলে অমানবিক নির্যাতন করেছে।

নির্যাতিত ব্যক্তির মা বলেছে, "সাব-ইন্সপেক্টর সত্য পালের নেতৃত্বে পুলিশ, আমার ছেলের মলদ্বারের ভিতরে একটি লাঠি ঢেলে দেয় এবং তাকে বারবার বৈদ্যুতিক শক দেয়।" মেডিকো-লিগ্যাল রিপোর্ট বিবেচনা করে অভিযুক্ত পুলিশ অফিসারদের বিরুদ্ধে আনা অভিযোগ সত্য প্রমাণিত হয়েছে। হিন্দুত্ববাদী পুলিশ বিনা অপরাধে তাকে আটক করেছিল।

হিন্দুত্ববাদীদের নির্যাতনে গুরুতর আহত হওয়ার পরে মুসলিম ব্যাক্তিটি হাসপাতালে ভর্তি হন এবং বারবার খিঁচুনি হয়। তিনি খণ্ডকালীন সবজি বিক্রেতা হিসাবে কাজ করতেন। ২ মে, পুলিশ তাকে গোহত্যার অভিযোগে মামলা করা একজন ব্যক্তির সাথে শুধুমাত্র সম্ভাব্য যোগসূত্রের সন্দেহে তুলে নেয়। আলাপুর থানার সীমানার অন্তর্গত কাকরালা এলাকার বাসিন্দা ঐ মুসলিম যুবকের পূর্বে কোনো অপরাধমূলক কাজের রেকর্ড নেই।

লোকটির এক আত্মীয় বলেছেন, "পুলিশরা সারা রাত আমার শ্যালককে নির্যাতন ও মারধর করেছে। গুরুতর আহত অবস্থায় তারা তাকে ১০০ টাকা দেয় এবং দুই দিন পর তাকে বাড়ি ফেরত পাঠায়। এরপর থেকে প্রতিদিনই তার খিঁচুনি হচ্ছে। শুক্রবার, তার অবস্থার অবনতি হলে তাকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়।"

একজন ডাক্তার, যারা হাসপাতালে ভিকটিমকে পরীক্ষা করেছেন। তিনি বলেছেন, "রোগীর নিয়মিত খিঁচুনি হচ্ছে, যার মানে তার স্নায়ুতন্ত্র প্রভাবিত হয়েছে, সম্ভবত একটি শকের কারণে। আমরা বাধা নিষেধের কারণে মেডিকেল পরীক্ষার রিপোর্ট সম্পর্কে বিস্তারিত জানাতে পারছি না।"

বিশ্লেষকরা বলছেন, এই যুবক যেন ভারতে হিন্দুত্ববাদীদের অত্যাচারে ধুঁকতে থাকা মুসলিমদের প্রতীক, যার বাঁচার আশা ক্ষীণ।

তথ্যসূত্র:

-----

1. UP: Muslim vendor tortured in Police station, 5 cops booked - https://tinyurl.com/ycxzyef8

2. Video link - https://tinyurl.com/2czc87h3

বিশ্বের উচিত ভিত্তিহীন উদ্বেগের পরিবর্তে ইমারাতে ইসলামিয়াকে স্বীকৃতি দেওয়া: জাবিহুল্লাহ্ মুজাহিদ

আন্তর্জাতিক সম্প্রদায় ইমারাতে ইসলামিয়া আফগানিস্তানের বিরুদ্ধে বিভিন্ন সময় নানারকম ভিত্তিহীন অভিযোগ এবং মানবাধিকার লঙ্ঘনের বিষয়ে উদ্বেগ প্রকাশ করছে। যার দ্বারা তারা নিজস্ব রাজনৈতিক উদ্দেশ্যে অর্জন করতে চাচ্ছে।

কুফ্ফার জাতিসংঘ এবং আন্তর্জাতিক "মানবাধিকার" সম্প্রদায় সম্প্রতি আফগানিস্তানে মানবাধিকার লঙ্ঘনের বিষয়ে উদ্বেগ প্রকাশ করেছে। তবে ইমারাতে ইসলামিয়া আফগানিস্তান সরকার জানিয়েছে যে, তাদের এসব উদ্বেগ ভিত্তিহীন ও অসত্য। যেগুলো একচেটিয়াভাবে ইমারাতে ইসলামিয়ার উপর চাপিয়ে দেওয়া হচ্ছে।

ইমারাতে ইসলামিয়ার একজন মুখপাত্র বলেছেন যে, আফগানিস্তানে তাদের রাজনৈতিক লক্ষ্য অর্জনের জন্য আন্তর্জাতিক সম্প্রদায় এই ধরনের সমস্যাগুলো নিজেদের থেকেই উত্থাপন করছে। যার সাথে ইমারাতের কোন সম্পর্ক নেই।

মুখপাত্র মুহতারাম জাবিহুল্লাহ মুজাহিদ বলেন, আফগানিস্তানের বর্তমান পরিস্থিতি নিয়ে ভিত্তিহীন উদ্বেগের পরিবর্তে বিশ্বের উচিত ইমারাতে ইসলামিয়াকে স্বীকৃতি দেওয়া। সেই সাথে জাতিসংঘের সাথে আনুষ্ঠানিকভাবে যুক্ত হওয়ার জন্য বিশ্বের দেশগুলোর উচিত ইমারাতে ইসলামিয়াকে সুযোগ করে দেওয়া। কারণ বিশ্বকে এখন নতুন আফগান সরকারকে সহযোগিতা করতে হবে, নয়তো সবাই ক্ষতিগ্রস্থ হবে।

গত বছরের ১৪ আগস্ট আফগানিস্তানে ইমারাতে ইসলামিয়া পুনঃপ্রতিষ্ঠার পর কুফ্ফার সংঘ নামে পরিচিতি পাওয়া জাতিসংঘ, বিশ্বের বেশ কয়েকটি দেশ এবং কথিত আন্তর্জাতিক মানবাধিকার সম্প্রদায় তালিবান কর্তৃক মানবাধিকার লঙ্ঘন, বিশেষ করে নারীর অধিকার সম্পর্কে ভিত্তিহীন সব উদ্বেগ প্রকাশ করে আসছে। এর পেক্ষিতে মুহাতারাম জাবিহুল্লাহ মুজাহিদ বলেন, "আফগানিস্তানে নারী ও নারীদের অধিকার সুপ্রতিষ্ঠিত রয়েছে। তাই ইমারাতে ইসলামিয়া বিশ্বকে অহেতুক চিন্তা না করার পরামর্শ দিচ্ছে। সেই সাথে নতুন আফগান সরকারের সাথে সম্পর্ক তৈরী এবং ইমারাতে ইসলামিয়াকে আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি দেওয়ার আহ্বান জানাচ্ছে।"

০৬ই জুন, ২০২২

ভারতের জামিয়া মসজিদে প্রবেশ করে পূজা করার হুমকি উগ্র হিন্দুত্ববাদী গোষ্ঠীর

ভারতে হিন্দুত্ববাদী গোষ্ঠীগুলি কর্ণাটকের মান্ডা জেলার শ্রীরঙ্গপাটনা শহরের টিপু সুলতান মসজিদে জোরপূর্বক প্রবেশ ও প্রতিমাদের পূজা করে মসজিদের পবিত্রতা নষ্ট করার হুমকি দিয়েছে। গত ৪ জুন উগ্র হিন্দুত্ববাদীরা সেখানে পূজা করার প্রকাশ্য হুমকি দেয়।

হিন্দুত্ববাদী গোষ্ঠীগুলি দাবি করেছে যে, শ্রীরঙ্গপাটনা দুর্গে অবস্থিত জামিয়া মসজিদটি একটি হনুমান মন্দির ভেঙে নির্মিত হয়েছে। আর্কিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ার মতে, মসজিদের ফার্সি শিলালিপি থেকে জানা যায়, টিপু সুলতান ১৭৮২ খ্রিস্টাব্দে মসজিদ-ই-আলা নামে এই মসজিদটির নির্মাণ করেছিলেন।

হিন্দুত্ববাদী গোষ্ঠীগুলি তাদের ডাকা 'শ্রীরঙ্গপত্তন চলো' নামে লংমার্চ করে। বিশ্ব হিন্দু পরিষদ এবং বজরং দলের মত উগ্র দলগুলো হুমকি দিয়েছে যে, তারা মসজিদে প্রবেশ করে পূজা করার পরিকল্পনা নিয়ে এগিয়ে যাবে। কুখ্যাত শ্রী রাম সেনের প্রধান প্রমোদ মুথালিকও 'শ্রীরঙ্গপত্তন চলো' আহ্বানকে সমর্থন করেছে।

কিছু উগ্র হিন্দু কর্মী জেলা প্রশাসনকে বারাণসীর জ্ঞানভাপি মসজিদে পরিচালিত সমীক্ষার অনুরূপ একটি সমীক্ষা করতে স্মারকলিপি জমা দিয়েছে। জ্ঞানভাপি মসজিদের পরে, বেশ কয়েকটি হিন্দু দল বিভিন্ন মসজিদে সমীক্ষা চালানোর জন্য নাম করে মসজিদ ভাঙ্গার অনুরোধ জমা দিয়েছে। ঐতিহ্যবাহী বাবরী মসজিদ ভাঙার মতোই মনগড়া নাটক সাজিয়ে নতুন করে বিভিন্ন মসজিদ ভাঙার ষড়যন্ত্র করছে উগ্র হিন্দুত্ববাদীরা।

হিন্দুত্ববাদী গোষ্ঠী মান্ডা জেলায় কর্তৃপক্ষের কাছে একটি পিটিশন জমা দিয়ে দাবি করেছে যে, জামিয়া মসজিদে হিন্দুদের পূজা করার অনুমতি দিতে হবে। কারণ তাদের খোঁড়া যুক্তি এটি আগে একটি মন্দির ছিল।

তথ্যসূত্র :

----

1. Srirangapatna: Section 144 Imposed as Hindutva Groups Threaten to Enter Mosque, Perform Puja - https://tinyurl.com/2tvc7u54

2. Hindutva Group Seeks Nod For Hindu Prayers In Karnataka's Jamia Masjid - https://tinyurl.com/2pdne8va

3. Karnataka: Now, Hanuman temple claim over Tipu Sultan's mosque - https://tinyurl.com/2p9cvxm4

০৫ই জুন, ২০২২

হিন্দুত্ববাদী পুলিশি হয়রানির ভয়ে মুসলিম পুরুষ শূন্য ভারতের জাহাঙ্গীরপুরী

রাজধানী দিল্লির জাহাঙ্গীরপুরী এলাকায় হিন্দুত্ববাদীরা মুসলিমদের উপর সহিংসতা চালিয়েছিল। হনুমান জয়ন্তী উপলক্ষে একটি হিন্দুত্ববাদী মিছিল ঐ এলাকার একটি মসজিদের পাশ দিয়ে যাওয়ার সময় সহিংসতা চালায়।

পরে উল্টো সহিংসতার জন্য মুসলিমদেরকে দায়ী করে শুরু হয় উচ্ছেদ অভিযান। শুধুমাত্র মুসলিমদের ঘরবাড়ি, মসজিদ টার্গেট করা হয়েছে। ভাঙচুরের পর রাজধানী দিল্লির জাহাঙ্গীরপুরী এলাকা এখনও উত্তপ্ত। ঐ এলাকায় বুধবার থেকে শুরু হয় "অবৈধ দখলদারদের উচ্ছেদ" অভিযানের নামে হিন্দুত্ববাদীদের মুসলিম স্থাপনা, বাড়িঘর, দোকানপাট, মসজিদ ভেঙ্গে ফেলার ধ্বংসলীলা।

ভারতের জাহাঙ্গীরপুরীর বেশ কয়েকজন মুসলিম বাসিন্দা জানান, সহিংসতা হওয়ার পর থেকেই প্রতিনিয়ত তাদের পুলিশি হয়রানির সম্মুখীন হতে হচ্ছে।

যে এলাকায় ভাঙচুর হয়েছে, সি ব্লকের স্থানীয়রা বলছেন যে মুসলিম যুবকদের প্রায়ই পুলিশ ধরে নিয়ে যায়। তাদের একটাই অপরাধ তারা মুসলিম।

সে এলাকার পুরুষরা প্রাথমিকভাবে পুলিশের পদক্ষেপের ভয়ে বাইরে চলে যাওয়ায়, মহিলারা অভিযোগ করেছেন যে তারাও পুলিশ দ্বারা হয়রানির শিকার হচ্ছে। স্থানীয়রা বলছেন, নাবালকদেরও তুলে নেওয়া হচ্ছে।

জাহাঙ্গীরপুরীর স্থানীয় মুসলিম বাসিন্দা বানো বলেছেন, যে তার ভাইকে ২০শে মে আটক করা হয়। "তিনি দুপুরের খাবার খাচ্ছিলেন। এমন সময় জাহাঙ্গীরপুরী থানার কিছু পুলিশ আধিকারিক তাকে তুলে নিয়ে যায়। এবং কোন কারণ ছাড়াই তাকে কারাগারে নিয়ে যায়।

কিন্তু পরে ২৪শে মে রোহিণী আদালতের জারি করা আদেশে, হিন্দুদের হনুমান জয়ন্তী সহিংসতা সংক্রান্ত একটি মামলায় বানোর ভাইয়ের নাম উল্লেখ করা হয়।

বানো বলেছেন যে তিনি ক্রমাগত ভয়ের মধ্যে থাকেন এবং এমনকি তার মেয়েকেও পুলিশ হুমকি দেয় বলে জানিয়েছেন।

তিনি আরো বলেছেন "আমার স্বামী এবং ছেলেরা হিন্দুত্ববাদীদের অন্যায় কারাদণ্ড এড়াতে অনেক আগেই শহর ছেড়েছে। যদিও হনুমান জয়ন্তীর সহিংসতার সময়ও তারা এখানে ছিল না। কিন্তু তবুও পুলিশ আমাদের দরজায় কড়া নাড়ছে, তাদের ধরতে অভিযান চালাচ্ছে। আমাদেরকে তাদের 'আত্মসমর্পণ' করতে বলেছে। তারা আমার অল্পবয়সী মেয়েকে হুমকি দিয়েছে এবং বলেছে যে, যদি আমরা তাদের কাছে আমার ছেলেদের অবস্থান না জানাই তবে তাকে 'উঠিয়ে নেওয়া' হবে।

"আমরা সবাই জানি যে তারা মুসলিম পুরুষদের তুলে নিয়ে মিথ্যে মামলায় তাদের ফাঁসিয়ে দিচ্ছে।

আখলাক জাহাঙ্গীরপুরীতে বসবাসকারী একজন র‍্যাগপিকার। সহিংসতার পর থেকে তার পরিবারের তিন সদস্যকে সি ব্লক এলাকা থেকে তুলে নেওয়া হয়েছে। আখলাক বলেছেন, "পুরুষদের প্রায় প্রতিদিনই তোলা নেওয়া হয়। এতে মুসলিমদের মাঝে বিশৃঙ্খল ও ভীতিকর পরিবেশ সৃষ্টি হয়েছে। তাদের প্রায় সবাই নির্দোষ। আমার সবচেয়ে খারাপ ভয় হল এই ছোট বাচ্চাদের, সবেমাত্র তাদের কিশোর বয়সে, তাদের হেফাজতে নেওয়া হচ্ছে এবং মারধর করা হচ্ছে।কারাগারে তাদের উপর অমানবিক আচরণ করা হচ্ছে।

"আমরা কখনই সম্পূর্ণ মুক্ত নই, আমাদের ক্রমাগত নজরদারি করা হয় – আমরা কী খাচ্ছি এবং আমরা কোথায় টয়লেটে যাচ্ছি, তারা সবকিছু পর্যবেক্ষণ করছে। আমরা নিজেদের ঘরেই বন্দী হয়ে পড়েছি।

স্থানীয় মুসলিম বাসিন্দা ইফরান বলেছেন, "ভয় আমাদের জেলে যাওয়ার নয়, আমরা জানি আমরা কিছুই করিনি। ভয় হল হেফাজতে সহিংসতা এবং হয়রানির সম্মুখীন হওয়ার।

"আমার কাছে সিসিটিভি ফুটেজ আছে যেখানে আমাকে লড়াই ভাঙতে দেখা যায়। তবুও একজন পুলিশ আসে এবং আমাকে মারধর করে এবং জেলে নিয়ে যায়," তিনি বলেছেন, আরও দুইজন মুসলিম পুরুষকেও মারধর করে। "আমার সামনে, অন্তত ছয়জন হিন্দু পুরুষ ছিল যাদের গ্রেপ্তার করা হয়েছিল কিন্তু পুলিশ তাদের কিছুই বলেনি। কিন্তু তারা আমাদের এত মারধর করেছে যে আমি এখনও কাজে যেতে পারছি না।

তিনি আরও অভিযোগ করেছেন যে পুলিশ তার কাছ থেকে ৫0,000 টাকা দাবি করেছে এবং যদি সে টাকা না দেয় তবে তার বিরুদ্ধে জাতীয় নিরাপত্তা আইন (এনএসএ)মামলা দেওয়ার হুমকি দিয়েছে। "তারা জোর করে আমাকে বন্দুক দিয়েছিল এবং আমার ছবি তুলেছিল, বলেছে যে বন্দুকগুলি আমার। তারা আমাকে ভয় দেখিয়ে মারধর করে। আমি কি সন্ত্রাসী?" সে অন্যান্যদের কাছে প্রশ্ন করে।

কিছু বাসিনদারা জানিয়েছেন, মুসলিমরা ভয়ে তাদের গ্রামে চলে যাচ্ছে এবং পরিস্থিতি স্বাভাবিক হলে তারা ফিরে আসতে পারে।

তথ্যসূত্র:

------

1. Muslim Men Leaving Jahangirpuri Out of Fear of Police Harassment, Say Locals https://tinyurl.com/z3278ena

---

ব্রেকিং নিউজ | সোমালিয়ায় মার্কিন অভিযান ব্যার্থ করে দিলো আশ-শাবাব: ১৫ সেনা হতাহত

পূর্ব আফ্রিকার দেশ সোমালিয়ায় পূণরায় দখলদার মার্কিন সামরিক বাহিনী ও আশ-শাবাবের মধ্যে ভারী লড়াই শুরু হয়েছে। এবং পশ্চিমাদের একটি যৌথ সামরিক অভিযানও প্রতিহত করেছে আশ-শাবাব। যাতে অন্তত ৮ সৈন্য নিহত হয়েছে বলে জানা গেছে।

আঞ্চলিক সূত্রে জানা গেছে, গত ৩ জুন শুক্রবার দুপুরের কিছুক্ষণ পরে, সোমালিয়ার পশ্চিম কিসমায়ো শহরে বোমা বিস্ফোরণের সাথে সাথে ভারী লড়াইয়ের ঘটনা ঘটেছে। যা কয়েক ঘন্টা ধরে চলমান ছিলো।

সূত্র মতে, কিসমায়ো শহরের ইয়াক হালুল এলাকায় এই হামলার ঘটনা ঘটেছে। যা আল-কায়েদা সংশ্লিষ্ট ইসলামি প্রতিরোধ বাহিনী হারাকাতুশ শাবাবের নিয়ন্ত্রিত একটি এলাকা ছিলো। মূলত এলাকাটি দখল করতে গত বৃহস্পতিবার থেকেই মরিয়া হয়ে উঠেছে পশ্চিমা শক্তিগুলি। ফলে শুক্রবার শহরটিতে প্রবেশের চেষ্টা করে মার্কিন প্রশিক্ষিত সোমালি স্পেশাল ফোর্স ও পশ্চিমাদের একটি যৌথ সামরিক দল।

কিন্তু সেনারা এলাকাটির কাছে আসতেই ঘটে বিপত্তি। কেননা আশ-শাবাব যোদ্ধারা রাস্তার দুই ধারে বসিয়ে রেখেছিল শক্তিশালী মাইন বিস্ফোরক। যা একের পর এক আঘাত হানতে থেকে শত্রুদের সামরিক কাফেলাটিতে। সেই সাথে আশ-শাবাব যোদ্ধারা চতুর্দিক থেকে দখলদার ও গাদ্দার বাহিনীকে ঘিরে ভারী অস্ত্র শস্ত্র দ্বারা তীব্র হামলা চালাতে শুরু করেন।

প্রাথমিক তথ্য অনুযায়ী, এতে মার্কিন প্রশিক্ষিত স্পেশাল ফোর্সের ৮ সৈন্য নিহত এবং আরও ৭ সৈন্য আহত হয়েছে। বাকিরা নিজেদের জীবন বাঁচাতে পালিয়ে গেছে। তবে এই অভিযানে কোন মার্কিন সেনা নিহত বা আহত হয়েছে কিনা, তা এখনো জানা যায় নি। কেননা দখলদার মার্কিন সেনারা তাদের প্রশিক্ষিত সৈন্যদেরকে যুদ্ধের ময়দান ছেড়ে দিয়ে পিছন থেকে নিজেরাই সবার আগে পলায়ন করেছে। অথচ এই কাপুরুষ সেনারাই কিনা আশ-শাবাবের বীর মুজাহিদদের বিরুদ্ধে লড়াই করতে গাদ্দার সোমালি সেনাদের দিকনির্দেশনা ও শক্তিবৃদ্ধি করতে গেছে!

আশ-শাবাব সংশ্লিষ্ট সংবাদ সূত্র নিশ্চিত করেছে যে, হারাকাতুশ শাবাবের বীর মুজাহিদরা পশ্চিমাদের মিত্র বাহিনী ও মার্কিন বাহিনীর একটি আক্রমণ প্রতিহত করেছেন। সেই সাথে মুজাহিদগণ পশ্চিমা হানাদারদের কিসমায়োতে ফিরে যেতে বাধ্য করেছেন।

উল্লেখ্য যে, সোমালিয়ায় প্রতিরোধ বাহিনী হারাকাতুশ শাবাব আল-মুজাহিদিনের হাতে কঠিন মার খাওয়ার পর ২০২১ সালে দেশটি ছেড়ে যায় মার্কিন বাহিনী। কিন্তু তারা অতীত ভুলে গিয়ে চলতি বছরের মে মাসে পূণরায় সোমালিয়ায় সেনা পাঠানোর সিদ্ধান্ত নেয়। আর এই সিদ্ধান্তের পর গত শুক্রবার প্রথমবার আশ-শাবাবের উপর হামলা চালানোর চেষ্টা করে দখলদার মার্কিন বাহিনী, তবে একা নয় বরং নিজেদের গোলামদের সাথে নিয়ে যৌথভাবে।

কিন্তু তারপরেও তাদের এই যৌথ অভিযান ফলাফলের মুখ তো দেখেইনি, উল্টো বরং কফিন ভর্তি সেনাদের লাশ আর আশ-শাবাবের মার খেয়ে পূণরায় যুদ্ধের ময়দান থেকে পলায়নের পথই ভীরু মার্কিন সেনারা দেখেছে।

আশা করা যায়, খুব শীগ্রই শুধু যুদ্ধের ময়দান ছেড়েই নয়, বরং এই দখলদার পশ্চিমারা আবারো লেজ গুটিয়ে সোমালিয়া ও গোটা পূর্ব আফ্রিকার ভূমি ছেড়ে পালাতে বাধ্য হবে। বিইযনিল্লাহ।

০৪ঠা জুন, ২০২২

দেশে দেশে ইসলাম বিদ্বেষ | মৃতদের দাফন করা নিয়ে সীমাহীন বিড়ম্বনায় এথেন্সের মুসলিমরা

কথিত গণতন্ত্রের ধ্বজাধারী ইউরোপ মহাদেশের দক্ষিণ-পূর্ব অংশের একটি রাষ্ট্র গ্রিস। রাজধানী এথেন্স। সেখানে অন্তত দুই লাখ মুসলিম বসবাস করেন। তবে আশ্চর্যের ব্যাপার হলেও সত্য যে, শহরটিতে মুসলিমদের আনুষ্ঠানিক কোনো কবরস্থান নেই। কেউ মৃত্যুবরণ করলে তাকে দাফন করতে সীমাহীন বিড়ম্বনায় পড়তে হয় সেখানকার মুসলিমদের।

গ্রীস ইসলামী সংস্থা জানায়, সেখানে মুসলিমদের জীবন-মরণ উভয়টিই অস্বস্তিকর। কোনো মুসলিম মারা গেলে নিজেদের মাটিতে তাদের দাফন করা নিষিদ্ধ। কবরস্থান যেখানে রয়েছে, সেখানে পৌঁছতে দীর্ঘ সময় ও পথ পাড়ি দিতে হয়। এখানে বসবাসরত ২ লাখ মুসলিমের জন্য যা অত্যন্ত কষ্টের। কিন্তু তারা আর কী করবে-মৃতকে তো দাফন করতেই হবে?

ওই সংস্থাটি জানায়, মৃতকে দাফনে অন্তত ৭৫০ কিলোমিটার পাড়ি দিয়ে কমুতিনি শহরে যেতে হয় এথেন্সের মুসলিমদের। তারা সেখানেই তাদের মৃতদের দাফন করেন। গ্রীসের রাজধানী এথেন্সে কবরস্তান নির্ধারণে নিষেধাজ্ঞা দেয়ার কারণেই মূলত এই বিড়ম্বনা।

অথচ সতাব্দিকালের কিছু বেশি আগেই এই গোটা গ্রিস এবং পূর্ব ইউরোপের অধিকাংশ এলাকাই ছিল মিউস্লিমদের কর্তৃত্বাধিন; এই এই অঞ্চল সহ গোটা বলকান অঞ্চল ছিল উসমানী খিলাফতের অধীনে। আর সেই ভুমিতেই আজ মুসলিমরা নিজেদের ম্রিতদের দাফন করতে দুর্ভোগ পোহাচ্ছে। কিন্তু মুসলিম সাশনামলে কোন গ্রিককে, কোন খ্রিস্টানকে বা অন্য কোন ধর্মাবলম্বীকে মৃতদেহ সৎকারে কোন ধরণের দুর্ভোগ পোহাতে হয়েছে-এমন নজির ইতিহাসে নেই। আর এই গ্রিসকেই কি না বলা হয় কথিত গণতন্ত্রের সূতিকাগার। এটাই কি কথিত সভ্য ইউরোপের গণতন্ত্র আর সমানাধিকারের নমুনা - এমন প্রশ্ন রেখছেন ইসলামি চিন্তাবীদগণ।

শুধু এথেন্সেই যে বিষয়টি এমন ব্যাপারটি এমন নয়; বরং গ্রীসের দ্বিতীয় বৃহত্তম শহর থেসালোনিকিতেও মুসলিমদের একইরকম অবস্থা। সেখানেও কবরস্তান বানানোর অনুমতি নেই মুসলিমদের। তাদেরকেও মৃতদের দাফনে শহরের বাইরে বের হতে হয়।

মুসলিমদের প্রতি গ্রীস সরকারের এই আচরণের কারণ- তারা মুসলিম। তাদের ওপর রাজনৈতিক সংকীর্ণতা তৈরি করা। একই কারণে মুসলিমদের মসজিদ নির্মাণেও নিষেধাজ্ঞা রয়েছে কথিত এই গণতান্ত্রিক দেশে। অথচ, তারাই সকল মানুষের সমান অধিকারে কথা বলে। আবার মুসলিমদের বেলায় সবচেয়ে বেশি মানবাধিকার লঙ্ঘন করে।

প্রতিবেদক : **মাহমুদ উল্লাহ্**

তথ্যসূত্র :

১. এথেন্সে ২ লাখ মুসলিমের নেই কোনো কবরস্থান, সীমাহীন বিড়ম্বনা নিয়ে যেভাবে দাফন করা হয় মৃতদের - https://tinyurl.com/38fuwfwc

---

এবার তানযিম হুররাস আদ-দ্বীনকে কালো তালিকাভুক্ত করলো ইউরোপীয় ইউনিয়ন

সম্প্রতি ক্রুসেডার ইউরোপীয় কাউন্সিলের এক বিবৃতিতে বলা হয়েছে, তাদের নতুন নিষেধাজ্ঞার তালিকায় একটি জিহাদি গোষ্ঠী এবং তার দুজন নেতাকে যুক্ত করা হয়েছে।

ক্রুসেডার ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) ঘোষণা করেছে যে, আল-কায়েদা এবং আইএসআইএসের সহযোগী কিছু স্থানীয় গোষ্ঠী এবং ব্যক্তির উপর আরোপিত নিষেধাজ্ঞার তালিকা নতুন করে প্রসারিত করা হয়েছে। এতে আরও একটি দল ও দুজন নেতাকে তালিকাভুক্ত করেছে 'ইইউ'।

বিবৃতিতে বলা হয়েছে, নতুন এই নিষেধাজ্ঞার তালিকায় সিরিয়া ভিত্তিক তানযিম হুররাস আদ-দ্বীন গ্রুপ যুক্ত হয়েছে, যাটি বৈশ্বিক ইসলামি প্রতিরোধ বাহিনী আল-কায়েদার সাথে সু-সম্পর্ক রেখে কাজ করে আসছে। সেই সাথে সিরিয়া ভিত্তিক এই প্রতিরোধ বাহিনীটির অন্যতম দু'জন উমারাকেও তালিকাভুক্ত করা হয়েছে। তাঁরা হলেন, দলটির আমীর শাইখ ফারুক আস-সুরি (আবু হাম্মাম) হাফিজাহুল্লাহ্ এবং শরিয়াহ্ বোর্ডের প্রধান শাইখ সামি আল-উরাইদী হাফিজাহুল্লাহ্।

বিবৃতিতে মানবতার দুশমন ঐ ক্রুসেডার ইউনিয়ন উল্লেখ করেছে যে, প্রতিরোধ বাহিনী হুররাস আদ-দ্বীন এবং এর উমারারা "ইউরোপ এবং আন্তর্জাতিক স্থিতিশীলতার জন্য একটি গুরুতর হুমকির সৃষ্টি করছে।" সেই সাথে তারা এটাও দাবি করেছিল যে, " দলটি সিরিয়ায় তার সদস্যদের অত্যাধুনীক সব সামরিক প্রশিক্ষণ প্রদান করেছে। যাদেরকে বহির্বিশ্বের বিরুদ্ধে হামলায় ব্যবহার করা হতে পারে।"

উল্লেখ্য যে, দীর্ঘদিন ধরেই তানযিম হুররাস আদ-দ্বীন স্যেকুলার-ঘেঁষা বিদ্রোহী গ্রুপ 'HTS' এর কারণে সিরিয়ার রণাঙ্গনে তাদের প্রাকাশ্য সব কার্যক্রম বন্ধ রাখতে বাধ্য হচ্ছেন। গোপনে দলটির দাওয়াতী কার্যক্রম পরিচালনা আর মাঝে মাঝে ২-১টি গেরিলা হামলা ছাড়া দলটির কোন কার্যক্রমই এখন আর দেখা যায় না। তথাপিও আন্তর্জাতিক কুফ্ফার শক্তিগুলো হুররাস আদ-দ্বীনকে এতটাই ভয় পাচ্ছে যে, দলটিকে নতুন করে নিষেধাজ্ঞার তালিকায় যুক্ত করেছে

দীর্ঘ কয়েকমাস পর দলটি গত ২০ মে তাদের সর্বশেষ অভিযানটি চালান ইদলিবের বাহিরে লাতাকিয়ায়। যা আসাদ সরকারের একটি নিয়ন্ত্রিত অঞ্চলে সেনা কাফেলার ভিতরে ঢুকে এককভাবে চালানো হয়েছিল। এতে উচ্চপদস্থ অর্ধডজন কমান্ডার সহ একডজনেরও বেশি নুসাইরি শিয়া মিলিশিয়া নিহত হয়েছে। আহত হয়েছে আরও অনেক সৈন্য। পরিশেষে ঐ জানবায মুজাহিদও শাহাদাত লাভে ধন্য হন।

হুররাস আদ-দ্বীন সংশ্লিষ্ট অ্যাকাউন্টগুলো নিশ্চিত করেছে যে, এই হামলাটি দলটির একজন সদস্যের একাকী হামলা ছিলো, যিনি এককভাবেই এটি আঞ্জাম দিয়েছেন। হামলাটি দলটি থেকে অফিসিয়ালি চালানো হয় নি।

বরকতময় এই গেরিলা হামলায় নিহত নুসাইরি সরকারি বাহিনীর উচ্চপদস্থ কয়েকজন কমান্ডারের ছবি...

https://alfirdaws.org/2022/06/04/57380/

বুরকিনান সেনাবহরে প্রতিরোধ যোদ্ধাদের হামলা : নিহত ১০, আহত ৯

পশ্চিম আফ্রিকার দেশ বুরকিনা ফাঁসোতে দেশটির সেনাবাহিনী ও সশস্ত্র ইসলামি প্রতিরোধ যোদ্ধাদের মধ্যে তীব্র সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে অফিসার সহ বহু সংখ্যক সেনা সদস্য নিহত এবং আহত হয়েছে বলে জানা গেছে।

বুরকিনা ফাসো সেনাবাহিনী কর্তৃক প্রকাশিত এক বিবৃতিতে থেকে জানা গেছে, গত ২ জুন বৃহস্পতিবার দেশটির সৌম প্রদেশের ডিকবো অঞ্চলে গাদ্দার সামরিক বাহিনী ও ইসলামি প্রতিরোধ যোদ্ধাদের মধ্যে তীব্র সংঘর্ষ হয়েছে। সংঘর্ষটি দীর্ঘ ৪ ঘন্টা ধরে চলতে থাকে। এতে সামরিক বাহিনীর অন্তত ১০ সেনা সদস্য নিহত হয়েছে।

এই লড়াইয়ে প্রতিরোধ যোদ্ধাদের হামলায় আরও ৯ সেনা আহত হয়েছে বলেও জানানো হয়েছে। একই সাথে সামরিক বাহিনী কোন প্রতিরোধ বাহিনীর নাম উল্লেখ না করে দাবি করেছে যে, তাদের ছোঁড়া গুলিতেও কয়েকজন সশস্ত্র "জিহাদী" নিহত হয়েছে।

অন্যদিকে, সূত্রটি আরও ঘোষণা করেছে যে, দেশের উত্তর-পশ্চিমাঞ্চলিয় সৌরো প্রদেশের গোমবোরো অঞ্চলেও গত ১ জুন বুধবার একটি সংঘর্ষের ঘটনা ঘটেছে। যেখানে দেশটির "রিকনেসান্স ইউনিট" নামক একটি সামরিক বাহিনীর সাথে তীব্র লড়াইয়ে অবতীর্ণ হন আল-কায়েদা সংশ্লিষ্ট ইসলামি প্রতিরোধ বাহিনী 'জেএনআইএম'। ঐ লড়াইটি প্রায় দেড় ঘন্টা ধরে স্থায়ী হয়েছিল। ফলশ্রুতিতে গাদ্দার সামরিক বাহিনীর বহু সংখ্যক সৈন্য নিহত এবং আহত হয়েছে। নিহত সেনাদের মধ্যে সামরিক বাহিনীর একজন সিনিয়র অফিসারও রয়েছে বলে জানা গেছে। যার সত্যতাও নিশ্চিত করেছে দেশটির সামরিক বাহিনী।

এভাবে পুরো পশ্চিম আফ্রিকাজুড়েই ইসলাম ও মুসলিমের শত্রুদের নাস্তানাবুদ করে চলেছেন ইসলামি প্রতিরোধ যোদ্ধাগণ। অচিরেই শরিয়াহ শাসিত অঞ্চলের সীমানা বৃদ্ধি করতে করতে তাঁরা পূর্ব, মধ্য ও পশ্চিম আফ্রিকাকে যুক্ত করতে সক্ষম হবেন বলে মনে করছেন ইসলামি বিশ্লেষকগণ।

০২রা জুন, ২০২২

ইসরায়েলের সাথে মুক্ত বাণিজ্য চুক্তি স্বাক্ষর করল গাদ্দার আরব আমিরাত

মুসলিম উম্মাহর সাথে একের পর এক গাদ্দারি করেই যাচ্ছে সংযুক্ত আরব আমিরাত। দখলদার ইসরায়েলের সাথে কূটনৈতিক সম্পর্ক গড়ার পর এবার মুক্ত বাণিজ্য চুক্তিও করেছে আমিরাত। গত মঙ্গলবার (৩১ মে) দুবাইয়ে এই চুক্তিটি স্বাক্ষরিত হয়েছে। এর মধ্য দিয়ে উপসাগরীয় কোনো দেশের সঙ্গে প্রথম এ ধরনের চুক্তিতে গেল দখলদার রাষ্ট্রটি।

বার্তা সংস্থা এএফপির এক প্রতিবেদনে বলা হয়, নতুন এই চুক্তির ফলে দুই দেশের মধ্যে আমদানি-রপ্তানি হওয়া সব পণ্যের ওপর ৯৬ শতাংশ শুল্কছাড় পাওয়া যাবে। এ নিয়ে একটি টুইট করেছেন আরব আমিরাতে নিযুক্ত ইসরায়েলের রাষ্ট্রদূত আমির হায়েক। সেখানে অভিবাদন জানিয়ে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত দুই দেশের কর্মকর্তাদের একটি ছবিও যুক্ত করেছে সে।

চুক্তির বিষয়ে ইসরায়েলে নিযুক্ত আরব আমিরাতের দূত মোহামেদ আল খাজা এক টুইট বার্তায় বলে, দুই দেশ যখন বাণিজ্য বাড়াতে, কাজের সুযোগ তৈরি করতে, দক্ষতা বাড়াতে ও সহযোগিতার সম্পর্ক আরও গভীর করতে একসঙ্গে কাজ করছে, তখন এই চুক্তির ফলে দুই দেশের ব্যবসাপ্রতিষ্ঠানগুলো বাজারে দ্রুত প্রবেশ ও শুল্কছাড়ের সুবিধা ভোগ করবে।

এভাবে চুক্তি করে তাঁরা তাদের বাজার সেই ইহুদিদের জন্য খুলে দিল, যারা অনবরত অসহায় ফিলিস্তিনি মুসলিমদের রক্ত ঝড়িয়ে চলেছে।

এর আগে গত বছর ইসরায়েল ও আরব আমিরাতের মধ্যে ৯০ কোটি ডলারের বাণিজ্য হয়েছে বলে ইসরায়েলি পরিসংখ্যানগুলো থেকে জানা গেছে। নতুন চুক্তির ফলে দুই দেশের বাণিজ্য কয়েক গুণ বাড়বে বলে ধারণা করছেন ইউএই-ইসরায়েল বিজনেস কাউন্সিলের প্রেসিডেন্ট ডোরিয়ান বারাক।

এক বিবৃতিতে ডোরিয়ান বারাক বলে, চলতি বছরের মধ্যে আরব আমিরাতে প্রায় এক হাজার ইসরায়েলি প্রতিষ্ঠান ব্যবসায়িক কার্যক্রম শুরু করবে। ২০২২ সালে দুই দেশের মধ্যে বাণিজ্য ২০০ কোটি ডলার ছাড়িয়ে যাবে। আর আগামী ৫ বছরের মধ্যে তা প্রায় ৫০০ কোটি ডলারে দাঁড়াবে।

এটা অন্তত স্পষ্ট যে, এই চুক্তির পূর্ণ ফল ভোগ করবে জায়নবাদী ইসরাইল। কারণ আমিরাতের চেয়ে তারা প্রজুক্তি ও উতপাদনে এগিয়ে; তাই তারাই সেদেশে বেশি বেসধি পণ্য রফতানির সুযোগ পাবে।

উপসাগরীয় দেশ হিসেবে আরব আমিরাতের সঙ্গে প্রথম বাণিজ্য চুক্তিতে গেল ইসরায়েল। এর আগে আরব দেশগুলোর মধ্যে মিসর ও জর্ডানের সঙ্গে একই ধরনের চুক্তি করেছে দেশটি। গত বছরের নভেম্বরে মুক্ত বাণিজ্য নিয়ে চুক্তির প্রক্রিয়া শুরু হয়। চার দফা আলোচনার মধ্য দিয়ে এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্তে পৌঁছায় তারা।

তথ্যসূত্র:

১। মুক্ত বাণিজ্য চুক্তি স্বাক্ষর করল আরব আমিরাত-ইসরায়েল - https://tinyurl.com/4huv4f4j

---

হিন্দুত্ববাদী নেতাদের 'বিদ্বেষী' বলায় অল্ট নিউজের সহ-প্রতিষ্ঠাতার বিরুদ্ধে এফআইআর

ভারতে সময়ের সাথে পাল্লা দিয়ে চারিদিকে মুসলিম বিদ্বেষের আগুন দাউ দাউ করে জ্বলছে, চলছে মুসলিম গণহত্যার চূড়ান্ত প্রস্তুতি। আর সেই আগুনে নিয়মিত ঘি ঢেলে যাচ্ছে সাধু সন্ন্যাসীর নামধারী উগ্র হিন্দু সন্ত্রাসী ধর্মগুরুরা। সকল শ্রেণীর হিন্দুদের মুসলিমদের উপর ক্ষেপিয়ে তুলতে মুসলিম বিদ্বেষী কাজগুলোকে তারা তাদের কৃতিত্ব হিসেবে তুলে ধরছে। যেন অন্যরাও মুসলিম বিদ্বেষী কাজে উৎসাহ পায়। মুসলিম বিদ্বেষী এমন কার্জক্রম প্রকাশ্যে চালিয়ে গেলেও তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা নিচ্ছে না হিন্দুত্ববাদী প্রশাসন। ঘৃণা ও মুসলিম বিদ্বেষ ছড়ানোর অপরাধে তাদের শাস্তির পরিবর্তে তাদেরকে বিদ্বেষী বলায় অল্ট নিউজের সহ-প্রতিষ্ঠাতা মোহাম্মদ জুবায়েরের বিরুদ্ধে এফআইআর নিয়ে তৎপর হয়েছে হিন্দুত্ববাদী প্রশাসন।

অল্ট নিউজের সহ-প্রতিষ্ঠাতা মোহাম্মদ জুবায়ের। উত্তরপ্রদেশের খয়রাবাদের একটি থানায় তার বিরুদ্ধে নথিভুক্ত একটি তথ্য প্রতিবেদনে (এফআইআর) নাম দেওয়া হয়েছে। তার কারণ হল তিনি একটি টুইটে উগ্র হিন্দুত্ববাদী ইয়াতি নরসিংহানন্দ, মহন্ত বজরং মুনি এবং আনন্দ স্বরূপকে "বিদ্বেষকারী" বলে অভিহিত করেছেন।

উল্লেখ্য, এসমস্ত সাধু সন্ন্যাসীর নামধারী উগ্র হিন্দু সন্ত্রাসী ধর্মগুরুরা মুসলিমদের গণহত্যা, মুসলিম নারীদের বাড়ি থেকে অপহরণ করে ধর্ষণ করার ঘোষণা দিয়েছে।

২৭ মে জুবায়ের টুইটের একটি সিরিজে, ভারতীয় নিউজ টেলিভিশন চ্যানেলগুলিতে প্রাইম টাইম বিতর্কের নিন্দা করেছিলেন, যা তিনি বলেছিলেন, "বিদ্বেষীদেরকে অন্য ধর্ম সম্পর্কে খারাপ কথা বলতে উৎসাহিত করার একটি প্ল্যাটফর্ম হয়ে উঠেছে"।

টাইমস নাউ চ্যানেলে একটি বিতর্কের একটি ভিডিও ক্লিপ শেয়ার করে, এর উপস্থাপক নাভিকা কুমার পরিচালিত 'দ্য জ্ঞানভাপি ফাইলস'-এ, জুবায়ের টুইট করেছিলেন।

নির্দিষ্ট টুইটের উল্লেখ করে, হিন্দুত্ববাদী অভিযোগকারী বলেছে যে জুবায়েরের টুইট দ্বারা নাকি তার হিন্দু ধর্মীয় অনুভূতিতে আঘাত লেগেছে। কারণ তার " ধর্মীয় মহন্ত বজরং মুনিকে বিদ্বেষকারী" হিসাবে উল্লেখ করেছে।

ইয়াতি নরসিংহানন্দ গিরি (সাবেক সরস্বতী), হিন্দুত্ববাদী নেতা এবং জুনা আখড়ার মহামণ্ডলেশ্বরদের মুসলিম বিদ্বেষী বক্তব্যের অনেক প্রমাণ রয়েছে।

যার মধ্যে সবচেয়ে উল্লেখযোগ্য হল ২০২০ সালের দিল্লি পগরমের আগে কপিল মিশ্র এবং অশ্বিনী উপাধ্যায়ের মতো বিজেপি নেতারা মুসলিম বিদ্বেষ উসকে দিয়েছিল।

এমনিভাবে, হরিদ্বারেরও ধর্ম সংসদের নামে হিন্দুত্ববাদীরা প্রকাশ্যে মুসলিমদের গণহত্যা চালানোর আহ্বান জানায়। সেই ধর্মসভায় উপস্থিত ছিল হিন্দু রক্ষা সেনার প্রবোধানন্দ গিরি, বিজেপির মহিলা মোর্চার নেত্রী উদিতা ত্যাগী এবং বিজেপি নেতা অশ্বিনী উপাধ্যায়সহ অন্যান্যরা। এই বিতর্কিত ধর্মগুরুর সঙ্গে বিজেপি নেতৃত্বের ঘনিষ্ঠতা সর্বজনবিদিত। যা থেকে সহজেই অনুমেয় সবকিছু হিন্দুত্ববাদী শাসকের মদদেই হচ্ছে।

২ এপ্রিল উত্তরপ্রদেশের সীতাপুর জেলার বদি সংগত আশ্রমের পুরোহিত মহন্ত বজরং মুনি হিন্দু নববর্ষ উপলক্ষে পুলিশের উপস্থিতিতে মুসলিম মহিলাদের গণধর্ষণের হুমকি দিয়েছিল।

তথ্যসূত্র:

----

1. FIR Against Mohammed Zubair for Calling Militant Hindutva Leaders 'Hatemongers - https://tinyurl.com/2vy6w6f8

2. At RSS event, BJP CMs highlight anti-Muslim policies in their states as achievements – https://tinyurl.com/3ty5phtn

3. মুসলিমদের মারতে অস্ত্র তুলে নিন', জেল থেকে ছাড়া পেয়েই ফের 'ঘৃণা ভাষণ' বিতর্কিত ধর্মগুরুর – https://tinyurl.com/2p9yhd2d

---

দেশে দেশে ইসলাম বিদ্বেষ | মুসলিম দেশেই এবার হিজাব নিষিদ্ধের ধৃষ্টতা দেখালো ফরাসিরা!

ঘটনাটি সৌদি আরবের উপকূলীয় শহর জেদ্দার একটি ফরাসি রেস্তোরাঁর। সেখানে নারীদের হিজাব বা ইসলামিক পোশাক পরে প্রবেশে নিষেধাজ্ঞা জারি করেছে রেস্তোরাঁটির কর্তৃপক্ষ। বিষয়টি সেখানকার মুসলিমদের মধ্যে ব্যাপক ক্ষোভের সৃষ্টি করেছে।

একটি বিখ্যাত ফরাসি চেইন রেস্তোরাঁর জেদ্দা শাখা 'বাগাটেলে জেদ্দা' গত সপ্তাহে ও চলতি সপ্তাহের শুরুর দিকে হিজাব পরা নারীদের সেখানে প্রবেশে বাধা দিয়েছে বলে জানা গেছে। এমনকি সৌদি আরবের নারীদের পরা ঢিলেঢালা পোশাকও তারা অনুমোদন করেনি। ঐতিহ্যগতভাবে সৌদি পুরুষদের পরা লম্বা আলখেল্লাও নিষিদ্ধ করেছে রেস্তোরাঁটি।

উল্লেখ্য যে, ফ্রান্সের ইসলাম বিদ্বেষী সরকার বেশ কয়েক বছর আগে তাদের দেশে হিজাব নিষিদ্ধ করেছে। যা ছিলো স্পষ্ট মুসলিমদের প্রতি বিদ্বেষের বহিঃপ্রকাশ। অথচ মুসলিমদের দেশে বিভিন্ন খাতে বিনিয়োগ করে তারা ঠিকই নিজেদের অর্থনীতির উন্নয়ন করে যাচ্ছে। এমনকি ব্যবসার সাথে সাথে নিজেদের নোংরা পশ্চিমা দৃষ্টিভঙ্গিও সেই সব মুসলিম দেশে চাপিয়ে দিতে চাচ্ছে তারা। সেটারই অংশ হিসেবে তারা সৌদির রেস্তোরাঁয় হিজাব নিষিদ্ধ করার দুঃসাহস দেখিয়েছে।

তবে বিশ্লেষকরা মনে করছেন, সৌদিতে ধর্মপ্রাণ মুসলিমদের কড়া প্রতিবাদের সামনে তারা টিকতে পারবে না।

তথ্যসূত্র:

১। সৌদি আরবেই ফরাসি রেস্তোরাঁয় হিজাব নিষিদ্ধ! - https://tinyurl.com/3jd7ppbc

---

মালিতে জাতিসংঘের সামরিক বহরে আল-কায়েদার হামলা: নিহত ১, আহত ৩ দখলদার

পশ্চিম আফ্রিকার দেশ মালির উত্তরাঞ্চলে দখলদার জাতিসংঘের সামরিক বহরে হামলা চালিয়েছেন ইসলামি প্রতিরোধ যোদ্ধারা। গত ১লা জুনে চালানো এ হামলায় ৪ দখলদার সেনা হতাহত হয়েছে বলে জানা গেছে।

স্থানীয় গণমাধ্যম সূত্রে জানা যায়, বুধবার সকালে কুফ্ফার জোটটির কনভয় টার্গেট করে প্রথমে বোমা বিস্ফোরণের মাধ্যমে সেনাদের অগ্রযাত্রা রোধ করেন আল-কায়েদা সংশ্লিষ্ট ইসলামি প্রতিরোধ যোদ্ধারা। এরপর কনভয়টি লক্ষ করে ভারী ও মাঝারি অস্ত্র দ্বারা হামলা চালান মুজাহিদগণ। যা দীর্ঘ এক ঘণ্টা যাবৎ চলতে থাকে। এতে বহু সংখ্যক কুফ্ফার সৈন্য হতাহত হয়।

তবে জাতিসংঘ নামক কুফ্ফার সংঘটি দাবি করে যে, এই হামলায় ঘটনাস্থলেই তাদের ৪ সেনা গুরুতর আহত হয়েছে। পরে চিকিৎসাধীন অবস্থায় আজ ২ জুন সকালে এক সেনা মারা গেছে।

ক্রুসেডার জাতিসংঘের "MINUSMA"-এর মুখপাত্র অলিভিয়ের সালগাদো এক বিবৃতিতে বলেছে যে, কিদাল অঞ্চলে জাতিসংঘের কথিত শান্তিরক্ষীদের কনভয়ে সশস্ত্র প্রতিরোধ যোদ্ধারা ভারি অস্ত্র এবং গ্রেনেড দ্বারা হামলা চালিয়েছেন। এতে একজন সেনা নিহত এবং তিনজন আহত হয়েছে।

নাম প্রকাশে অনিচ্ছুক এক নিরাপত্তা কর্মকর্তার বরাতে সংবাদ মাধ্যমগুলো জানায় যে, প্রতিরোধ বাহিনী জেএনআইএম যোদ্ধাদের হামলার শিকার উক্ত কনভয়টি জর্ডানের। দেশটির গাদ্দার সেনারা বছরের পর বছর ধরে জাতিসংঘের হয়ে মুসলিমদের বিরুদ্ধে হাতে অস্ত্র নিয়ে যুদ্ধ করে যাচ্ছে।

উল্লেখ্য যে, বৈশ্বিক ইসলামি প্রতিরোধ বাহিনী আল-কায়েদা পশ্চিম আফ্রিকান শাখা, জামা'আত নুসরতুল-ইসলাম ওয়াল মুসলিমিন (জেএনআইএম), দীর্ঘদিন ধরেই মালিতে দখলদারিত্বের অবসান ঘটাতে লড়াই চালিয়ে যাচ্ছেন। সেই লক্ষ্যে তাঁরা স্বদেশীয় গাদ্দার সেনাদের পাশাপাশি বহুজাতিক ক্রুসেডার জোটগুলোর উপর হামলা চালাচ্ছেন।

ফিলিস্তিনি বোনকে গুলি করে হত্যা করলো ইসরায়েলি বাহিনী

দখলীকৃত পশ্চিম তীরে ইসরায়েলি বাহিনীর গুলিতে আরও এক ফিলিস্তিনি নারীর মৃত্যু হয়েছে।

ফিলিস্তিনি স্বাস্থ্য মন্ত্রণালয়ের এক বিবৃতিতে জানা যায় যে, গত ১লা জুন সকালে দখলীকৃত পশ্চিম তীরের ৬০ নং রোডে ৩১ বছর বয়সী একজন মুসলিম নারীকে গুলি করে হত্যা করেছে দখলদার ইসরায়েলি বাহিনী। গুলিবিদ্ধ ফিলিস্তিনি মহিলা ছিলেন গুফরান ভেরেসান। তিনি ইসরায়েলি কারাগারের একজন প্রাক্তন বন্দী।

ফিলিস্তিনি রেড ক্রিসেন্ট ঘোষণা করেছে যে, ইসরায়েলি বাহিনী ঐ নারীকে গুলি করার পর আল আরুব শরণার্থী শিবিরের প্রবেশপথ অবরুদ্ধ করে রাখে, এবং গুলিবিদ্ধ মহিলার কাছে চিকিৎসক দলকে পৌঁছাতে বাধা দেয়। ফলে আহত মহিলাকে বাঁচাতে ব্যর্থ হয় চিকিৎসক দল।

উল্লেখ্য যে, এই বছর দখলীকৃত পশ্চিম তীরে ইহুদিবাদী ইসরায়েলি বাহিনী ৫০ জনেরও বেশি ফিলিস্তিনিকে হত্যা করেছে।

০১লা জুন, ২০২২

আসামে মুসলিম সাংবাদিককে হিন্দুত্ববাদী উবার চালকের মারধর

আসামের গুয়াহাটিতে প্রকাশ গগৈ নামে এক হিন্দুত্ববাদী উবার চালক গত শনিবার লোহার রড দিয়ে এক মুসলিম সাংবাদিককে মারধর করে। মুসলিম সাংবাদিকের নাম মোহাম্মদ আবুজার চৌধুরী।

তিনি বলেন "উবার চালক খুব আক্রমণাত্মক ছিল। সে আমাদেরকে মুসলিম বিদ্বেষ থেকে গালিগালাজ করে এবং কয়েকবার আমাকে 'বাংলাদেশী' বলে ডাকে। এমনকি সে তার গাড়ি আমার ওপর দিয়ে চালিয়ে দেওয়ার চেষ্টা করে।"

আবুজারের সাথে ভ্রমণকারী অপর এক সাংবাদিক টুইট করেছেন,"আমরা গুয়াহাটিতে কামাখ্যার জন্য একটি উবার বুক করেছিলাম। অনলাইনে পেমেন্ট ছিল কিন্তু সে নগদ চেয়েছিল। এরপর সে আক্রমণাত্মক হয়ে মোহাম্মদ আবুজার চৌধুরীকে রড দিয়ে মারধর করে। আমরা অভিযোগ দায়ের করার কথা বললে সে তার গাড়ি নিয়ে আমার সহকর্মীকে ধাক্কা দেওয়ার চেষ্টা করে। সে আমাদের বাংলাদেশী বলে গালি দিতে থাকে।"

তথ্যসূত্র:

------

1. Uber driver who assaulted Muslim journalist in Assam https://tinyurl.com/m7f7bs7t

---

কর্ণাটকে হিজাব পরিহিত ছাত্রীদের বাড়িতে ফেরত পাঠালো হিন্দুত্ববাদী কলেজ কর্তৃপক্ষ

ভারতে হিন্দুত্ববাদীদের ইসলাম বিদ্বেষ ও জিঘাংসা কিছুতেই মুসলিমদের পিছু ছাড়ছে না। একের পর এক মুসলিম বিদ্বেষী কর্মকান্ড চালিয়ে যাচ্ছে তারা।

কর্ণাটকের শিক্ষামন্ত্রী হিন্দুত্ববাদী বি.সি. নাগেশ বলেছে হিজাব পরে কেউ ক্লাসে আসতে পারবে না। এটাকে পুঁজি করে গত শনিবার দক্ষিণ কন্নড় জেলার একটি কলেজের কর্তৃপক্ষ হিজাব পরিহিত ছাত্রীদের বাড়িতে ফেরত পাঠিয়েছে। ঘটনাটি ঘটেছে ম্যাঙ্গালুরুর বিশ্ববিদ্যালয় কলেজে। হিন্দুত্ববাদী সিন্ডিকেটের সিদ্ধান্তে কলেজটিতে হিজাব পরা নিষিদ্ধ করা হয়। মুসলিম শিক্ষার্থীরা হিজাব পরে ক্লাসে যোগ দেওয়ার জন্য অনেক চেষ্টা করলেও কলেজের হিন্দুত্ববাদী অধ্যক্ষ তাদের ক্লাসে যেতে বাধা দেয় এবং লাইব্রেরিতে যাওয়ার অনুমতিও বাতিল করে। তারপরে শিক্ষার্থীরা বাধ্য হয়ে বাড়ি ফিরে যায়।

অথচ, পর্দা নারীদের জন্য আবশ্যকীয় ফরজ বিধান। হিজাব মুসলিম নারীদের ধর্মীয় ও নাগরিক অধিকার।

উল্লেখ্য, কিছুদিন আগে স্কুলগুলোতে হিন্দুত্ববাদীরা হিজাব পরা নিয়ে বিতর্কিত অবস্থা তৈরী করে ছিল। এখন আবার সে ইস্যুকে নতুনভাবে সামনে আনছে।

বিশ্বব্যাপী যখন ইসলামের সৌন্দর্যে আকৃষ্ট হয়ে প্রতিনিয়ত মানুষ ইসলামের দিকে ঝুঁকছে, পর্দা ও হিজাবে আকৃষ্ট হয়ে ইসলাম গ্রহণ করছে। সে মুহূর্তে ভারতের বিভিন্ন প্রদেশে হিজাবের বিরুদ্ধে অবস্থান মুসলিমদের ধর্মীয় স্বাধীনতায় নগ্ন হস্তক্ষেপের শামিল বলে মন্তব্য করেছেন ইসলামিক বিশ্লেষকগণ। তাই মুসলিমদের কথিত গণতান্ত্রিক ধোঁকা বুঝে ঐক্যবদ্ধভাবে নববী আদর্শের উদ্বুদ্ধ আহ্বান জানিয়েছেন বিশেষজ্ঞ উলামায়ে কেরাম।

তথ্যসূত্র:

----

1. Hijab-clad college students in Karnataka sent back https://tinyurl.com/mwnh85bu

---

কর্ণাটকে এবার টুপি পরায় মুসলিম ছাত্রদের পিটিয়েছে হিন্দুত্ববাদী পুলিশ

ভারতে চারিদিকে শুধুই মুসলিম বিদ্বেষের আগুন জ্বলছে, চলছে মুসলিম গণহত্যার চূড়ান্ত প্রস্তুতি। আর সেই আগুনে নিয়মিত ঘি ঢেলে যাচ্ছে সাধু সন্ন্যাসীর নামধারী উগ্র হিন্দু সন্ত্রাসী ধর্মগুরু, হিন্দুত্ববাদী নেতা নেত্রী ও পুলিশ প্রশাসন।

এবার টুপি পরার কারণে হিন্দুত্ববাদীদের ধারাবাহিক মুসলিম বিদ্বেষের শিকার হয়েছেন কলেজের মুসলিম শিক্ষার্থীরা। ঘটনাটি ঘটেছে কর্ণাটকের তেরদলের একটি সরকারি ডিগ্রি কলেজে। সে কলেজের অধ্যক্ষ এবং পুলিশের একজন উপ-পরিদর্শক সহ সাতজন মুসলিম শিক্ষার্থীদের টুপি পরায় মারধর করে।

এ নিয়ে তেরাদল সরকারি ডিগ্রি কলেজের ১৯ বছর বয়সী ছাত্র নাভিদ হাসানসাব থারথারি থানায় একটি ডায়েরী করেন। পুলিশ সাব-ইন্সপেক্টর এবং অন্য পাঁচজন পুলিশ কর্মীদের বিরুদ্ধে ২৪ মে একটি মামলাও দায়ের করা হয়। মামলায় থারথারি বলেন যে, তিনি টুপি পরে কলেজে গিয়েছিলেন। কিন্তু কলেজের অধ্যক্ষ তাঁকে প্রবেশ করতে নিষেধ করে। যদিও কলেজের অভ্যন্তরে টুপি ব্যবহারে বিধি নিষেধের জন্য কোনও সরকারী আদেশ নেই। তবু শুধু মুসলিম হওয়ায় তাদের সাথে এমন করা হয়েছে।। যেহেতু এখানে ভিক্টিম মুসলিম, তাই বরাবরের মতোই মিডিয়া, তথাকথিত সুশীল, প্রগতিশীলরা চুপ হয়ে আছে!

তথ্যসূত্র:

1.Karnataka: Muslim college student beaten up for 'wearing skull cap', case filed https://tinyurl.com/2p9a3v7k